দৈনিক বাংলা

002

তারিখ 10 JUN 1987
পৃষ্ঠা

10 JUN 1987

**বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়**
**ময়মনসিংহ**

# এমএসসি [এজি] কোর্সে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৯৮৪-৮৫ শিক্ষা সালে এমএসসি (এজি) কোর্সে ভর্তির জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই তাঁহাদের স্ব স্ব কর্তৃপক্ষের নিকট হইতে দরখাস্তের সঙ্গে এই মর্মে সার্টিফিকেট সংযোজন করিতে হইবে যে তাঁহাদের অধ্যয়ন সময়ের জন্য এই বিশ্ববিদ্যালয়ে ক্লাশে যোগদানের নিমিত্ত তাঁহাদিগকে প্রয়োজনীয় ছুটি প্রদান করা হইবে।

প্রার্থিগণকে নির্ধারিত দরখাস্তের ফরম যথাযথভাবে পূরণ করিয়া দরখাস্তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩০-৬-১৯৮৭ খৃষ্টাব্দের মধ্যে এই বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধানের নিকট দাখিল করিতে হইবে।

উল্লেখ্য যে সালনায় অবস্থিত ইনস্টিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজ ইন এগ্রিকালচার-এ ভর্তি হইতে ইচ্ছুক আবেদনকারীগণকে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে ইনস্টি-টিউটের পরিচালক মহোদয়ের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় অধ্যক্ষের নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে।

ভর্তির আসন সীমিত বিধায় মেধানুসারে দরখাস্ত বাছাই করা হইবে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অবস্থিত পূবালী ব্যাংকের শাখায় প্রতি কপি ভর্তির আবেদনপত্রের মূল্য বাবদ ১৫/- (পনর) টাকা জমা দিয়া ভর্তির আবেদনপত্র সংগ্রহ করা যাইবে।

অসম্পূর্ণ অনিয়মিত এবং অস্পষ্ট দরখাস্ত সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

ভাইসচ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ
রেজিস্ট্রার।

জি—১৯৯৯